গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
www.hsd.gov.bd

**বিষয়ঃ সরকারী হাসপাতালসমূহে Electronic Asset Management System (e-AMS) এর DLI অর্জনসহ বাস্তবায়ন অগ্রগতির সার্বিক মূল্যায়নের লক্ষ্যে এতদ্‌সংক্রান্ত Technical Working Committee (TWC)'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নাজমুল হক খান<br>অতিরিক্ত সচিব (হাসপাতাল)<br>স্বাস্থ্য সেবা বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৪.০৫.২০২২খ্রি.। |
| সময় | : | সকাল ১১:০০ টায়। |
| স্থান | : | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মিনি কনফারেন্স রুম (কক্ষ নং-৩৩৮, ভবন-৩, ৪র্থ তলা) বাংলাদেশ সচিবালয়। |

উপস্থিতির তালিকা পরিশিষ্ট --"ক" তে সন্নিবেশ করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, ২০১৭ সালে eAMS কার্যক্রম শুরু হলেও ৫বছরে DLI অর্জন না করতে পারা খুবই দুঃখজনক। IMED'র DLI অর্জনে অগ্রগতি ও গৃহীত পদক্ষেপসহ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

০২। ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID জানান, পাইলটভুক্ত ঝিনাইদহ এবং মানিকগঞ্জ জেলার তত্ত্বাবধায়কগণ উপস্থিত রয়েছেন। মৌলভীবাজার জেলার তত্ত্বাবধায়ক জুমে সংযুক্ত রয়েছেন। তারা পর্যায়ক্রমে eAMS কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে পারেন।

০৩। মৌলভীবাজার জেলার তত্ত্বাবধায়ক বলেন, তাদের হাসপাতালে ৭৮৪টি Asset রয়েছে এবং সবকটি-ই eAMS সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। তারা নিমিউ এন্ড টিসি'র কাছে ০৫টি Ticket raise করেছেন এবং নিমিউ এন্ড টিসি সিস্টেমের মধ্যেই ব্যবস্থা গ্রহণ করেছেন। মানিকগঞ্জ জেলার তত্ত্বাবধায়ক জানান, তাদের হাসপাতালে মোট ১৯১টি Asset রয়েছে এবং এদের সবকটি-ই eAMS সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। তবে প্রশিক্ষণ না থাকায় সিস্টেমে কোন Ticket raise করতে পারছেননা মর্মে জানান। ঝিনাইদহ জেলার তত্ত্বাবধায়ক জানান, তাদের হাসপাতালে মোট ১২৩টি Asset রয়েছে এবং এদের সবকটি-ই eAMS-এ এন্ট্রি করা হয়েছে। উল্লিখিত ০৩টি জেলার eAMS কার্যক্রম শতভাগ সম্পন্ন হওয়ায় সভাপতি সন্তোষ জ্ঞাপনপূর্বক ধন্যবাদ জানান এবং এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানান।

০৪। DLI অর্জনে ৩০টি হাসপাতাল বাছাইপূর্বক সেগুলোর eAMS শতভাগ সম্পন্ন করার অগ্রগতি বিষয়ে সভাপতি লাইন ডাইরেক্টর, এইচএসএম এর প্রতিনিধির নিকট জানতে চাইলে প্রতিনিধি ডা. সালমুন নাহার, ডিপিএম, এইচএসএম জানান, প্রাথমিকভাবে ৩০টি হাসপাতাল বাছাই করা হয়েছে। তবে সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ৬২টি হাসপাতাল থেকে মোট এসেট ও এন্ট্রিকৃত এসেটের তথ্য সংগ্রহ করে সর্বাধিক এন্ট্রি/ টিকেট উত্থাপনকারী হাসপাতালের সংখ্যা থেকে ৩০টি হাসপাতালের তালিকা যথাশীঘ্র প্রেরণ করা হবে মর্মে এইচএসএম এর প্রতিনিধি জানান।

০৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি জানান, তাদের কাছে সিস্টেমের মধ্যে আসা টিকেটসমূহ দ্রুত নিষ্পত্তি করে থাকেন। eAMS বাস্তবায়নে নিমিউ এন্ড টিসি'র দায়িত্ব যথাযথ পালনে সচেষ্ট থাকবে মর্মে সভায় অবহিত করেন।

০৬। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর জানান, এইচএসএম এবং MTaPS/MSH থেকে কোন বিষয়ে সহযোগিতার প্রয়োজন হলে তা অবহিত করা মাত্র তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সকলকে আশ্বস্ত করেন।

০৭। সভাপতি বলেন, গত ১৯ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত eAMS সংক্রান্ত কর্মশালায় স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয় ১মাসের মধ্যে হাসপাতালে থাকা সমুদয় যন্ত্রপাতি সিস্টেমে এন্ট্রি প্রদান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেছিলেন। সে নির্দেশনার আলোকে লাইন ডাইরেক্টর, এইচএসএম কর্তৃক পত্রও ইস্যু করা হয়। তথাপি হাসপাতালসমূহ eAMS কার্যক্রম বাস্তবায়নে অনেক পিছিয়ে আছে যা খুবই দুঃখজনক। তিনি বলেন, eAMS কার্যক্রমে কোন হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলা পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।

০৮। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | গত ১৯ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ওয়ার্কশপে সিনিয়র সচিব মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী জিরো পারফরমেন্সের ০৮টি হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে কি ব্যবস্থা গৃহীত হয়েছে তা ২৯-০৫-২০২২ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে অবহিত করতে হবে। | i) লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর |
| ২. | e-AMS কার্যক্রম বাস্তবায়নে ৬২টি হাসপাতাল থেকে মোট Asset ও এন্ট্রিকৃত Asset এর সংখ্যা সংগ্রহপূর্বক ২৯-০৫-২০২২ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | i) লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর<br>ii) ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID |
| ৩. | IMED'র DLI অর্জনের লক্ষ্যে আগামী ২৯ মে, ২০২২ তারিখের মধ্যে তথ্য আপলোড প্রক্রিয়ায় এগিয়ে থাকা ৩০টি হাসপাতাল নির্ধারণ করে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ এবং এসব হাসপাতালের যন্ত্রপাতির তথ্য আপলোড নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | i) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর<br>ii) লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর<br>iii) ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID |
| 8. | e-AMS এর আওতাভুক্ত ৬২টি হাসপাতালের বর্ণিত কার্যক্রম সুপারভিশনের নিমিত্ত ডা. সালমুন নাহার, ডিপিএম, এইচএসএম দায়িত্ব পালন করবেন এবং সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য তত্ত্বাবধায়কগণ বরাবর পৃথক চিঠি ইস্যু করবেন। | i) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা<br>ii) লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর<br>iii) ডা. সালমুন নাহার, ডিপিএম, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা |
| ৫. | eAMS বাস্তবায়নে কোন হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলা পরিলক্ষিত হলে তা নির্ধারণপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | i) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা<br>ii) লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর<br>iii) ডা. সালমুন নাহার, ডিপিএম, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা |
| ৬. | DLI অর্জন না হওয়া হাসপাতালসমূহ নিয়মিত তদারকির মাধ্যমে যেন শতভাগ এন্ট্রি নিশ্চিত হয় সে জন্য নিম্নরূপভাবে ০৩টি তদারকি কমিটি গঠন করা হলো :<br>**১।**<br>ক) উপসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) ডিপিএম, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর<br>গ) ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID<br>**২।**<br>ক) উপসচিব, বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) প্রতিনিধি, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর<br>গ) প্রতিনিধি, MTaPS/MSH, USAID<br>**৩।**<br>ক) উপসচিব, পারসোনেল-৩, স্বাস্থ্য সেবা বিভাগ<br>খ) প্রতিনিধি, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর<br>গ) প্রতিনিধি, MTaPS/MSH, USAID<br>প্রতিনিধির নাম সংগ্রহপূর্বক কার্যপরিধি নির্ধারণ করে নির্ধারিত হাসপাতালের তালিকা সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। | i) যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ<br>ii) লাইন ডাইরেক্টর, এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর<br>iii) ডা. আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID |

০৯। আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৫/২০২২
(নাজমুল হক খান)
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি, Technical Working Committee

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬১.৮৩.০০১.১৯-১৮৭

তারিখ : ২৬.০৫.২০২২খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল/ এফএমএইউ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. পরিচালক (যুগ্মসচিব), সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৪. যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা/ পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. লাইন ডাইরেক্টর, হাসপাতাল সার্ভিসেস ম্যানেজম্যান্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. তত্ত্বাবধায়ক...................................... (সকল)।
৯. প্রকল্প পরিচালক, বেটার হেলথ বাংলাদেশ, MSH, গুলশান, ঢাকা।
১০. প্রোগ্রাম ম্যানেজমেন্ট স্পেশালিষ্ট, USAID, American Embassy, বারিধারা, ঢাকা।
১১. সিনিয়র হেলথ স্পেশালিষ্ট, বিশ্ব ব্যাংক, ঢাকা।
১২. কান্ট্রি প্রজেক্ট ডাইরেক্টর, MTaPS/MSH, USAID, ঢাকা।
১৩. ডাঃ আবু জাহিদ, টিম লিড, MTaPS/MSH, USAID, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**(মোহাম্মদ রোকন উদ্দিন)**
**উপসচিব**
**ফোন-৯৫৪৬৫২০**
**ghm2@hsd.gov.bd**

পরিশিষ্ট 'ক'

সরকারী হাসপাতালসমূহে Electronic Asset Management System (e-AMS) এর DLI অর্জনসহ বাস্তবায়ন অগ্রগতির সার্বিক মূল্যায়নের লক্ষ্যে এতদ্সংক্রান্ত Technical Working Committee (TWC)'র সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর

সভার তারিখ ও সময়: ২৪-০৫-২০২২খ্রি., সকাল ১১:০০ টা

স্থান: মিনি কনফারেন্স রুম (কক্ষ নং# ৩৩৮, ভবন নং# ০৩, ৪র্থ তলা)

| ক্র. নং. | নাম ও পদবী | মন্ত্রণালয়/ অফিস | ফোন এবং ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | মো: আরাফাত হোসেন, সিনিয়র সহকারী সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ (সংযুক্ত: CMSD) | 01717429010 arafat16433@gmail.com | [signature] |
| ৪. | আব্দুল্লাহ আল মামুন (উপ সচিব) ও চীফ টেকনিক্যাল ম্যানেজার | নিমিউ এন্ড টিসি | 0181754945 | [signature] |
| ৫. | ডা. আবু জাহিদ | MTaPS | 01711586886 | [signature] |
| ৬. | ডা. সালমুন নাহার, ডিপিএম, এইচএসএম | DGHS | 01779562089 osalmoon1@gmail.com | [signature] |
| ৭. | গোলাম মোস্তফা, সহকারী প্রকৌশলী | নিমিউ এন্ড টিসি | 01724856790 | [signature] |
| ৮. | মো: হাবিব মাহমুদ | TA, USAID MTAPS | 01711432028 | [signature] |
| ৯. | ডা: সৈয়দ রেজাউল ইসলাম, তত্ত্বাবধায়ক | সদর হাসপাতাল, ঝিনাইদহ | 01712-552712 | [signature] |
| ১০. | নঈমুর ইসলামুল কবির STA- | USAID MTaPS | 01711897475 | [signature] |

| ক্র. নং. | নাম ও পদবী | মন্ত্রণালয়/ অফিস | ফোন এবং ই-মেইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১১. | ডাঃ জাহাঙ্গীর মোঃ সারোয়ার তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত) | ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল মানিকগঞ্জ | ০১৭১৪০৪৪১৫৪ jmsarwar2002@gmail.com | JMSarwar |
| ১২. | নূরুন নাহার - উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০১৫৫০১৫৬৬১২ nahar.n70@yahoo.com | Nurun Nahar |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |